

# নির্বাচন বর্জন সমাধান নয়

## দলগুলোকে সহনশীল হওয়ার পরামর্শ মাহাথিরের

বর্তমান প্রতিবেদক

আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির মোহাম্মদ বলেছেন, যে কোনো দেশের উন্নতির জন্য স্থিতিশীল পরিস্থিতির প্রয়োজন। রাজপথে বিক্ষোভের মাধ্যমে কোনো দেশ উন্নতি করতে পারে না।

গতকাল শনিবার বেসরকারি বিশ্ববিদ্যালয় 'ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস)' সমাবর্তনে যোগদানের পর রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ অভিমত ব্যক্ত করেন তিনি।

মাহাথির মোহাম্মদ বলেন, কোনো দেশের উন্নতি করার জন্য স্থিতিশীল



সমাবর্তন অনুষ্ঠানে মাহাথির মোহাম্মদের হাতে ফ্রেস্ট তুলে দিচ্ছেন রাষ্ট্রপতি

পরিস্থিতির প্রয়োজন। একটি দেশের স্থিতিশীলতার ওপর বিদেশি উন্নয়নের পূর্বশর্ত হলো রাজনৈতিক বিনিয়োগ নির্ভর করে। বিদেশি স্থিতিশীলতা। কারণ রাজনৈতিক

■ এরপর পৃষ্ঠা ১১: ক: ২

### প্রথম পৃষ্ঠার পর

বিনিয়োগ বাড়লে স্বাভাবিকভাবেই সংশ্লিষ্ট দেশের উন্নয়ন হবে। এজন্য রাজনৈতিক দলগুলোরই দায়িত্ব স্থিতিশীলতা বজায় রেখে বিদেশিদের বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি করে দেয়া। কোনো নির্বাচনেই সব পক্ষ জয়ী হয় না -একথা উল্লেখ করে মাহাথির বলেন, যে কোনো নির্বাচনেই একপক্ষ জয়ী হয় এবং আরেক পক্ষ পরাজিত হয়। যারা নির্বাচনে পরাজিত হয় তাদের ধৈর্য ধরতে হবে। পরবর্তী নির্বাচন পর্যন্ত অপেক্ষা করতে হবে। রাজপথে বিক্ষোভের মাধ্যমে কোনো দেশ উন্নতি করতে পারে না। তিনি আরো বলেন, রাজপথে বিক্ষোভ করে কোনো সরকারকে সরিয়ে যারা ক্ষমতায় যাবে তাদের ক্ষেত্রেও একই পরিণতি হবে।

বিএনপির জাতীয় নির্বাচন বর্জন সংক্রান্ত এক প্রশ্নের জবাবে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী বলেন, নির্বাচন ও ফল বর্জন কোনো সমাধান নয়। এ ধরনের সিদ্ধান্ত দেশ ও জাতির জন্যও কল্যাণকর নয়। গণতন্ত্রের অগ্রযাত্রা অব্যাহত রাখতে প্রত্যেক রাজনৈতিক দলকে নিজস্ব অবস্থান থেকে অবদান রাখা প্রয়োজন। সেক্ষেত্রে রাজনৈতিক কর্মসূচি দেওয়ার ক্ষেত্রে ধ্বংসাত্মক কর্মসূচি এড়িয়ে চলা উচিত। দেশ ও জাতির স্বার্থে রাজনৈতিক দলগুলোকে সহনশীল হওয়ারও পরামর্শ দেন তিনি। মুসলিম জাতি গঠনে শিক্ষার্থীদের এগিয়ে আসতে হবে: সংবাদ সম্মেলনের আগে মাহাথির মোহাম্মদ ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন। রাষ্ট্রপতি আবদুল হামিদ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

মানবতার কল্যাণে মুসলিম জাতি গঠনে এগিয়ে আসতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির বিন মোহাম্মদ বলেন, মুসলিম উম্মাহকে তার আত্মরক্ষার জন্য জ্ঞান ও বিজ্ঞানে উন্নতি করতে হবে। তাহলেই কাঙ্ক্ষিত উন্নতি করা যাবে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গতকাল শনিবার দুপুরে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়টির প্রথম সমাবর্তন ২০০৯ সালে অনুষ্ঠিত হয়। সেবার ভারতের সাবেক রাষ্ট্রপতি ড. এপিজে আবুল কালাম সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন।

ড. মাহাথির বিন মোহাম্মদ তার বক্তব্যে বলেন, আমাদের বিশ্বজয়ের কোনো লক্ষ্য নেই, কিন্তু আমাদের মুসলিম জাতি ও নিরাপত্তা রক্ষার অধিকার আছে, বর্তমানে আমরা নির্ধাতনের শিকার, অনেক নন মুসলিম দেশ থেকে তাদের বের করে দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, এ সময় আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন জ্ঞানের এবং তার মাধ্যমেই আমরা আমাদের প্রতিরক্ষার ব্যবস্থা করতে পারব। দুদিনের বেসরকারি সফরে শনিবার সকালে ঢাকায় আসেন মাহাথির মোহাম্মদ। আজ রবিবার ঢাকা ত্যাগ করবেন তিনি। ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও পিএসইচপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ সুফী মোহাম্মদ মিজানুর রহমান বলেন, একজন সাধারণ মানুষ কিভাবে অসাধারণ হয়ে উঠতে পারে তা শিক্ষার্থীদের সামনে তুলে ধরতে মাহাথির মোহাম্মদকে সমাবর্তন অনুষ্ঠানে আনা হয়েছে। এতে আমাদের শিক্ষার্থীরা আদর্শ জীবন গড়তে নানা দিক নির্দেশনা পাবেন।

ইউআইটিএসের স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, স্কুল অব বিজনেস, স্কুল অব লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের অধীনে ১০টি বিভাগে ১৭টি ডিগ্রি প্রোগ্রাম রয়েছে। বর্তমানে ৯ হাজারের বেশি ছাত্রছাত্রী এই বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ করছে। ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তনের মাধ্যমে সর্বাঙ্গী সিঁজিপিএ আর্জনকারী ৬ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেয়া হবে। বাকি শিক্ষার্থীদের অন্যান্য